



Doly Begum

Member of Provincial Parliament
Scarborough Southwest



প্রিয় সুহৃদ,

কোভিড-১৯ (করোনা ভাইরাস) আমাদের জনজীবনে এক অস্বাভাবিক সময়ের সূচনা করেছে। আপনারা ইতিমধ্যেই জেনেছেন যে প্রাদেশিক সরকার জরুরি অবস্থা ঘোষণা করেছেন এবং সব স্কুল সহ বেশ কিছু সেবাদানকারী প্রতিষ্ঠান আপাতত বন্ধ রাখতে বলেছেন। আমি এ-বিষয়ে সুনির্দিষ্ট পরিকল্পনা প্রকাশের জন্য সরকারের কাছে চিঠি লিখেছি এবং শিক্ষা ও স্বাস্থ্য মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রীদ্বয়ের সাথে কথা বলেছি। ফেডারেল সরকারও বিশাল অংকের অর্থসাহায্য ঘোষণা করেছেন। তবে এই সাহায্য সাধারণ জনগণ কিভাবে পেতে পারেন, তা নিয়ে যথেষ্ট অস্পষ্টতা রয়েছে। আমি এবং আমার স্টাফ এব্যাপারে যতদূর সম্ভব তথ্য সংগ্রহ করার চেষ্টা করছি। ফেডারেল সরকার তাঁদের ঘোষিত সাহায্যের ব্যাপারে বিস্তারিত জানতে www.canada.ca/coronavirus ওয়েবসাইটে যেতে অনুরোধ করেছেন।

সিটি অফ টরন্টো ইতিমধ্যেই অপরিহার্য নয় এমন সকল পরিষেবা/কর্মকান্ড সাময়িক ভাবে বন্ধ ঘোষণা করেছেন। বেশ কয়েকটি হাসপাতালের কাছাকাছি অস্থায়ী টেস্ট সেন্টার স্থাপন করা হয়েছে। সবার প্রতি অনুরোধ, যদি কারও জ্বর, অনবরত কাশি এবং শ্বাসকষ্ট জাতীয় লক্ষণ প্রকাশ পায়, তাহলে দেরি না করে প্রথমেই অন্টারিও টেলিহেলথ ১-৮৬৬-৭৯৭-০০০০ অথবা অন্টারিও পাবলিক হেলথ ৪১৬-৩৩৮-৭৬০০ নম্বরে যোগাযোগ করুন। এধরণের সময়ে গুজব এবং ভুল তথ্য আমাদের সবচাইতে বেশি ক্ষতির কারণ হতে পারে। তাই সবাইকে অনুরোধ করবো করোনা ভাইরাস বিষয়ক নির্ভরযোগ্য তথ্যের জন্য www.toronto.ca/coronavirus ওয়েবসাইটে চোখ রাখুন। স্কারবোরো সাউথওয়েস্টে কোভিড-১৯ এবং এর সাথে সম্পর্কিত বিভিন্ন সেবা সম্পর্কে জানতে DolyBegum.ca/coronavirus ভিজিট করার জন্য অনুরোধ করছি।

প্রিয় সুহৃদ, আমরা এক অস্বাভাবিক সময়ের মুখোমুখি। করোনা ভাইরাস এর ভয়ঙ্কর বিস্তারকে আর হালকা ভাবে নেবার সুযোগ নেই। নিজেদের স্বার্থে, আমাদের পরিবার আর বন্ধুদের স্বার্থেই স্বাস্থ্য বিভাগের দিকনির্দেশনা মেনে চলার জন্য আন্তরিক অনুরোধ করছি। স্বাস্থ্য বিভাগের নির্দেশনার প্রতি সম্মান রেখে আমার অফিসে জনসমাগন বন্ধ করা হয়েছে, তবে টেলিফোনে সেবা দেবার জন্য, এবং আপনাদের প্রশ্নের উত্তর দেবার জন্য আমি এবং আমার স্টাফ স্বাভাবিক সময়ের মতোই এখানে প্রস্তুত আছি। আপনাদের প্রয়োজনে ৪১৬-২৬১-৯৫২৫ নম্বরে ফোন করার জন্য, অথবা DBegum-CO@ndp.on.ca ই-মেইলে যোগাযোগের জন্য অনুরোধ করছি। প্রতি সোমবার থেকে শুক্রবার সকাল ১০ টা থেকে বিকেল ৪ টা পর্যন্ত টেলিফোনে যোগাযোগ করা যাবে।



Doly Begum

Member of Provincial Parliament
Scarborough Southwest



পরিশেষে বলবো, নানান প্রাকৃতিক দুর্যোগ এবং বিভিন্ন ধরনের জরুরী অবস্থা মোকাবিলা করেই আমরা বিজয়ী হয়ে এসেছি। করোনা ভাইরাস প্রতিরোধের এই যুদ্ধেও আমরা জয়ী হবো। শুধু প্রয়োজন সচেতনতা আর মনোবল। সবাইকে নিজেদের এবং পরিবার ও বন্ধুদের খেয়াল রাখার অনুরোধ রইলো। দুর্যোগ-দুর্বিপাকে অবিচল থেকে সামনে এগিয়ে যাওয়াতেই আমাদের আসল শক্তি নিহিত। আমাদের জাতীয় জীবনের এমন এক ক্রান্তিলগ্নে আপনাদের পাশে একসাথে চলতে পেরে আমি গর্বিত।

ইতি আপনাদের,

ডলি বেগম

এমপিপি, স্কারবোরো সাউথওয়েস্ট

Community Office

3110 Kingston Road, Unit A • Scarborough, ON M1M 1P2
☎ 416-261-9525 ✉ DBegum-CO@ndp.on.ca
www.dolybegum.ca

Queen's Park

Room 385, Main Legislative Building
Queen's Park • Toronto, ON M7A 1A8
☎ 416-325-0908 ✉ DBegum-CO@ndp.on.ca